



ISO 9001:2015 Certified

**ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১**

মুক্তাগাছা, ময়মনসিংহ।



Phone: 09028-75205, E-mail: gmpmbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০০৮.২০২২.

১৫৬৮

তারিখঃ

০৪/০৪/২০২২ খ্রিঃ

২১ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ

**বিষয়ঃ- নিলাম দরপত্র আহ্বান প্রসংগে।**

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিলামে বিক্রয় যোগ্য নিম্নবর্ণিত মালামাল (যেখানে যে অবস্থায় আছে এর ভিত্তিতে) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/তিকাাদারগণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।


ক্রঃ নং	মালামাল/আইটেম সমূহের বিবরণ	পরিমাণ (কেজি/টি)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	খোলা
০১	প্যাকেজিং কাঠ (ব্যবহার অযোগ্য)	৯০০০কেজি			১২/০৪/২২খ্রিঃ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত	১২/০৪/২২খ্রিঃ বেলা ১১.০৫ ঘটিকায়।
০২	কন্ডাক্টর কাঠের খালি রীল (ব্যবহার অযোগ্য)	৫৫টি				
০৩	প্লাস্টিক ববিন	২০০টি				
০৪	নষ্ট স্টীলপাতি ও টিনের কোটা	২৫০কেজি				
০৫	আন্ডারগ্রাউন্ড ক্যাবলের খালী লোহার রীল	০১টি				
সর্বমোট =						

**কথায়ঃ-----।****শর্তাবলীঃ**

- ০১। আগ্রহী দরদাতাগণ নির্ধারিত সময়ের মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র অত্র সমিতির জেনারেল ম্যানেজার বরাবর সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা উন্নয়ন পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ৯ম তলা, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় (২) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এ রক্ষিত টেন্ডার বাঞ্ছ জমা প্রদান করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। নিলাম দরপত্র ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এ উপস্থিত দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। উপরিউক্ত ছকে ক্রমিক নং এ উল্লিখিত সকল আইটেমের দরই একত্রিতভাবে উল্লেখ/দাখিল করতে হবে। যে কোন একটি আইটেমের দর বা আংশিক দর গ্রহণযোগ্য হবে না।
- ০৪। নিলামে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে (যা বিক্রয়াদেশ না হলে ফেরতযোগ্য)। নিরাপত্তা জামানত ব্যতীত কোন দরপত্র গ্রহণ/বিবেচনা করা হইবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহণযোগ্য হবে।
- ০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

(অঃপৃঃদ্রঃ)

- ০৬। বিজ্ঞপ্তিতে উল্লেখিত সর্বনিম্ন প্রাক্কলিত দরের নীচে কোন দরপত্র বিবেচনা করা হবে না। খামের উপর মালামালের নাম এবং দরদাতার পূর্ণ ঠিকানা লিখতে হবে।
- ০৭। কৃতকার্য সর্বোচ্চ দরদরতাকে সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত মূল্যের উপর ৫% হারে উৎস কর এবং ৭.৫% হারে ভ্যাটসহ সমুদয় মূল্য পরিশোধ সাপেক্ষে নিজ ব্যয়ে মালামাল গ্রহণ করতে হবে।
- ০৮। বর্নিত মালামাল সমুহ আগামী ০৫/০৪/২০২২ খ্রিঃ হতে ১১/০৪/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ হতে পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।
- ০৯। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১০। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারন দর্শানো ছাড়াই যে কোন/সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করবেন।




(মোঃ আক্তার হোসেন)

জেনারেল ম্যানেজার

ফোনঃ ০৯০২৮-৭৫২০৫

**অনুলিপিঃ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, ময়মনসিংহ (দক্ষিণ)।
- ০৭। মেয়র, পৌরসভা মুক্তাগাছা/ফুলবাড়ীয়া/মধুপুর/গোপালপুর/ঘাটাইল/ময়মনসিংহ/টাঙ্গাইল।
- ০৮। ডিজিএম, (সদর-কারিগরী/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল/ধনবাড়ী জোনাল অফিস), মপবিস-১
- ০৯। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/সঃ সেবা/ইএন্ডসি/এইচআর/আইটি/ওএন্ডএম কালীবাড়ী/আছিম সাঃজোঃঅঃ), মপবিস-১।
- ১০। মেসার্স.....।
- ১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১) : ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১২। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট Web: [www.pbs1.mymensingh.gov.bd](http://www.pbs1.mymensingh.gov.bd)
- ১৩। অফিস/মাষ্টার কপি।



(মোঃ আক্তার হোসেন)

জেনারেল ম্যানেজার

Sub: